# 2024

## 2nd Semester Examination (CCFUP : NEP)

## BENGALI

### Paper : MJ 2-T (Single Core Major)

### (বাঙালির ধর্ম ও সংস্কৃতি এবং বাংলা সাহিত্যের সাধারণ পরিচয়)

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ - ক

যে-কোনো ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও। ২×৫=১০

১। বাংলার ধর্ম-সংস্কৃতিতে দু'জন সুফী সাধক এবং দু'জন বাউল সাধকের নাম লেখো। ১+১

২। মালাধর বসুর ভাগবত অনুবাদের ক্ষেত্রে রচনাকাল জ্ঞাপক শ্লোকটি উল্লেখ করো।

৩। দৌলতকাজী কোন্ রোসঙ্গ রাজা এবং কোন্ রাজকর্মচারীর আনুকূল্যে 'লোরচন্দ্রাণী' রচনা করেছিলেন? ১+১

৪। কে, কোন্ ছদ্মনামে 'আলালের ঘরের দুলাল' রচনা করেছিলেন? গ্রন্থটির প্রথম প্রকাশকাল লেখো। ১+১

P.T.O.

৫। কোন্ গ্রন্থের অনুসরণে হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় তাঁর 'ছায়াময়ী' কাব্যটি রচনা করেন? কাব্যটির প্রথম প্রকাশকাল লেখো। ১+১

৬। প্রথম প্রকাশকালসহ দ্বিজেন্দ্রলাল রায় রচিত দু'টি সামাজিক নাটকের নাম লেখো।

৭। রবীন্দ্রনাথের 'যোগাযোগ' উপন্যাসটি প্রথমে কী নামে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিলো? ১+১

৮। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের লেখা প্রথম গল্পটির নাম প্রকাশকালসহ উল্লেখ করো। ১+১

**বিভাগ - খ**

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

৯। মধ্যযুগের বাংলা মঙ্গলকাব্যে উল্লেখিত বাঙালির খাদ্যাভাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

১০। সংক্ষেপে আলোচনা করো: 'সদুক্তিকর্ণামৃত' অথবা 'প্রাকৃতপৈঙ্গল'।

১১। সময়কালসহ সমগ্র মধ্যযুগে রচিত বাংলা মঙ্গলকাব্যগুলির বিভিন্ন শাখার ধারাবাহিক পরিচয় দাও।

১২। বাংলা গদ্যের বিকাশের ধারায় বিদ্যাসাগরের গদ্যরীতির বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো।

১৩। 'ঈশ্বর গুপ্ত যুগসন্ধির কবি'— এই অভিমতের যৌক্তিকতা সংক্ষেপে বিচার করো।

১৪। গণ-নাটক রচনার পথিকৃৎ হিসেবে বিজন ভট্টাচার্যের কৃতিত্বের সংক্ষিপ্ত মূল্যায়ন করো।

## বিভাগ - গ

যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাও। ১০×৩=৩০

১৫। বাংলার ধর্ম ও সংস্কৃতির ইতিহাসে শৈব নাথ ধর্মমতের মূলকথা সূত্রাকারে উল্লেখ করে এই ধর্মসাধনার ভিত্তিতে রচিত সাহিত্যধারার পরিচয় দাও। ৩+৭

১৬। চর্যাপদের কাব্যমূল্য সম্পর্কে আলোচনা করো।

১৭। শিবায়ন কাব্যধারার উদ্ভবের সাধারণ পরিচয় দিয়ে কবি রামেশ্বর ভট্টাচার্যের কৃতিত্ব নিরূপণ করো। ৩+৭

১৮। বাংলা আধুনিক কবি হিসেবে শক্তি চট্টোপাধ্যায়ের অবদান আলোচনা করো।

১৯। ইতিহাস-নির্ভর উপন্যাস রচনার ক্ষেত্রে শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।

———————